গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.৮৬

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**
সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**২। আজ ২৮ মার্চ ২০২৬ সকাল ০৯ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
রংপুর, দিনাজপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ঢাকা, ময়মনসিংহ, যশোর, কুষ্টিয়া, ফরিদপুর, মাদারীপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা,চট্টগ্রাম ও সিলেট অঞ্চল সমূহর উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে **১** নম্বর (পুনঃ) **১** নম্বর সতর্ক সংকেত সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ (২৮.০৩.২০২৬ তারিখ সকাল ০৯ টা হতে পরবর্তী ১২০ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস):**
**সিনপটিক অবস্থা:** লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।
**পূর্বাভাস:**
**প্রথম দিন (২৮.০৩.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে)):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা (১-২) ডিগ্রি সে. কমতে পারে।

**দ্বিতীয় দিন (২৯.০৩.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

**তৃতীয় দিন (৩০.০৩.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।

**চতুর্থ দিন (৩১.০৩.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পঞ্চম দিন (০১.০৪.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**বর্ধিত ৫ (পাচঁ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের পরিমান কমতে পারে এবং তাপমাত্রা আরোও বাড়তে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৬.৫ ফরিদপুর | ৩৫.৮ রাজশাহী ও ঈশ্বরদী | ৩০.৬ সৈয়দপুর | ৩২.০ ময়মনসিংহ ও নেত্রকোনা | ৩৪.০ শ্রীমঙ্গল | ৩৫.৭ রাঙ্গামাটি ও বান্দরবান | **৩৭.৮ যশোর** | ৩৪.৭ পটুয়াখালী |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১৯.৮ নিকলি | ২০.০ বদলগাছী | **১৭.২ রংপুর** | ২০.০ ময়মনসিংহ ও নেত্রকোনা | **১৭.০ সিলেট** | ২২.০ সন্দ্বীপ ও বান্দরবান | ২০.৪ **সাতক্ষীরা** | ২২.৫ খেপুপাড়া |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল **যশোর ৩৭.৮$^{o}$** এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা **সিলেট ১৭.০$^{o}$** ।
(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

**বজ্রবৃষ্টি ও বজ্রপাতের সময় করণীয়:**

- বজ্রপাত হলে ঘরের মধ্যে থাকুন;
- জানালা ও দরজা বন্ধ রাখুন;
- সম্ভব হলে যাত্রা এড়িয়ে চলুন;
- নিরাপদ আশ্রয়ে আশ্রয় নিন;
- গাছের নিচে আশ্রয় নেবেন না;
- কংক্রিটের মেঝেতে শয়ন করবেন না এবং কংক্রিটের দেয়ালে হেলান দেবেন না;
- বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক ডিভাইসগুলির প্লাগ খুলে দিন;
- জলাশয় থেকে তাৎক্ষণিকভাবে উঠে আসুন;
- বিদ্যুৎ পরিবাহক বস্তু থেকে দূরে থাকুন;
- শিলা বৃষ্টির সময় ঘরে অবস্থান করুণ।

## ৪। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা:
## (১৪ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ/২৮ মার্চ, ২০২৬ খ্রি.)

### এক নজরে হাওর অঞ্চলের নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ

**গত ২৪ ঘন্টায় উল্লেযোগ্য বারিপাত তথ্য:**

- দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার সুরমা-কুশিয়ারা, ধনু-বাউলাই নদীসমূহের পানি সমতল গত ২৪ ঘণ্টায় হ্রাস পেয়েছে; ভুগাই-কংস নদীর পানি সমতল বৃদ্ধি পেয়েছে এবং নদীসমূহ প্রাক-মৌসুমী বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।
- গত ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকায় ও দেশের উজানে কিছু কিছু স্থানে **ভারি থেকে অতি ভারি** বৃষ্টিপাত পরিলক্ষিত হয়েছে। আগামী ০২ দিন মাঝারি থেকে মাঝারি-ভারি এবং পরবর্তী ০১ দিন **মাঝারি-ভারি থেকে ভারি** বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে।
- উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার সুরমা নদীর পানি সমতল আগামী ০৩ দিন স্থিতিশীল থাকতে পারে; কুশিয়ারা নদীর পানি সমতল আগামী ০২ দিন স্থিতিশীল থাকতে পারে, **৩য় দিন বৃদ্ধি পেতে পারে।** অপরদিকে ভুগাই-কংস নদীসমূহের পানি সমতল আগামী **০৩ দিন বৃদ্ধি পেতে পারে** এবং ধনু-বাউলাই নদীসমূহের পানি সমতল আগামী ০৩ দিন স্থিতিশীল থাকতে পারে; সকল নদীসমূহ প্রাক-মৌসুমী বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে; এই সময় অত্র অঞ্চলে বন্যা পরিস্থিতি সৃষ্টির সম্ভাবনা কম।

বাংলাদেশের অভ্যন্তরে:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| মহেশখোলা (সুনামগঞ্জ) | ৯২.০ | সিলেট | ৫৫.০ |
| নাকুয়াগাঁও (শেরপুর) | ৫৫.০ | ছাতক (সুনামগঞ্জ) | ৩৯.০ |

ভারতের উত্তর পুর্বাঞ্চলের সিকিম, অরুনাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চল:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| মাউসিনরাম (মেঘালয়) | ৮৬.০ | চেরাপুঞ্জি (মেঘালয়) | ৮২.০ |

নদ-নদীর অবস্থা

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ৪৬ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ১৫ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ২৮ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০৩ | প্রাক-মৌসুমী বিপদসীমা উপরে স্টেশন সংখ্যা | ০০ |

**৫। অগ্নিকান্ড তথ্য:**

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৬ মার্চ ২০২৬ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ২৭ মার্চ ২০২৬ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট **২৮ টি** অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ১০ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ২ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৪ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ৩ | ০ | ০ |
| ৭। | খুলনা | ৬ | ০ | ১ |
| ৮। | রংপুর | ২ | ০ | ০ |
| | **মোট** | **২৮** | **০** | **১** |

২৯-০৩-২০২৬
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন : ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স : ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল : controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ২৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.৮৬/১ (১৭)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
৬। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৮। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১০। বিভাগীয় কমিশনার (সকল)।
১১। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।।
১২। জেলা প্রশাসক (সকল)।
১৩। উপপরিচালক, প্রশাসন-১ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৪। উপপরিচালক, প্রশাসন-২ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৬। নির্বাহী প্রকৌশলী (পুর), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং
১৭। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।